



# Faizur Rahman Ideal Institute

ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট

## ভর্তি বিজ্ঞপ্তি

০৫/১১/২০২৩ খ্রি.

ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট-এ আগামী ২০২৪ শিক্ষাবর্ষে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে নিম্নোল্লিখিত শূন্য আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে ইনশা আল্লাহ।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে ব্রাঞ্চভিত্তিক ভর্তির আসন সংখ্যা:

ব্রাঞ্চ	শিক্ষার্থীর ধরন ও শিফট	দ্বিতীয় শ্রেণির আসন সংখ্যা	তৃতীয় শ্রেণির আসন সংখ্যা	পরীক্ষার তারিখ
মালিবাগ	বালক (দিবা)	১৫	৪০	শিক্ষার্থীর বাছাই প্রক্রিয়া ও তারিখ পরবর্তীতে বিদ্যালয়ের ওয়েবসাইটে ( <a href="http://www.frii.edu.bd">www.frii.edu.bd</a> ) জানিয়ে দেওয়া হবে ইনশা আল্লাহ।
	বালিকা (প্রভাতি)	১৫	৫	
মোহাম্মদপুর	বালক (দিবা)	২০	৩০	
	বালিকা (প্রভাতি)	১০	১৫	
বনশ্রী	বালক (দিবা)	সীমিত সংখ্যক	সীমিত সংখ্যক	
	বালিকা (প্রভাতি)	সীমিত সংখ্যক	সীমিত সংখ্যক	

০৫ নভেম্বর ২০২৩ খ্রি. থেকে ২৫ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরমের মূল্য ১১০/- (একশত দশ) টাকা 'বিকাশ' এর মাধ্যমে প্রদান করতে হবে।

বি.দ্র: আসন খালি হওয়া স্বাপেক্ষে অন্যান্য শ্রেণিতে ভর্তির জন্য আগামী ২০ ডিসেম্বর ২০২৩ তারিখে পরবর্তী নোটিশ প্রদান করা হতে পারে।

- ভর্তিচ্ছু শিক্ষার্থীর জন্ম তারিখ দ্বিতীয় শ্রেণির জন্য ০১/০১/২০১৬ থেকে ৩১/১২/২০১৬ এবং তৃতীয় শ্রেণির জন্য ০১/০১/২০১৫ থেকে ৩১/১২/২০১৫ এর মধ্যে হতে হবে।
- একজন প্রার্থী কোনক্রমেই একাধিক ব্রাঞ্চের জন্য আবেদন করতে পারবে না। একাধিক আবেদন করার অভিযোগ প্রমাণিত হলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি ফরমে জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী শিক্ষার্থীর পূর্ণনাম এবং পিতা-মাতার পূর্ণনাম NID এর অনুরূপ উল্লেখ করতে হবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীর জন্মতারিখ ও নাম বা নামের কোন অংশ এবং তার পিতা-মাতার নাম বা নামের কোন অংশ পরবর্তী সময় কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। এ সংক্রান্ত কোন আবেদন ও তদবির গ্রহণযোগ্য হবে না।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল, মিথ্যা কিংবা অসম্পূর্ণ তথ্য প্রদান করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ভর্তির জন্য বাছাইকৃত শিক্ষার্থীর ভর্তির সময় নিম্নোল্লিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:
  - অনলাইনে ভর্তির আবেদন পত্রের রসিদ কপি।
  - শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি (মূলকপি প্রদর্শন করতে হবে)।
  - শিক্ষার্থীর পিতা ও মাতার NID এর ফটোকপি (মূলকপি প্রদর্শন করতে হবে)।
- ভর্তির জন্য নির্বাচিত হওয়ার পর ভর্তির সময় প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্রাদি জমা প্রদানে ব্যর্থ হলে আসন শূন্য বলে বিবেচিত হবে।
- বিস্তারিত তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট ([www.frii.edu.bd](http://www.frii.edu.bd)) দেখুন।
- হেল্পলাইন (সকাল ৯টা - দুপুর ১টা): মোহাম্মদপুর- ০১৭৭৫২৬৪৫০১, বনশ্রী- ০১৮১১৮২৫৩৫৬, মালিবাগ- ৫৮৩১১৮৭৪

মো. রুহুল আমিন  
প্রধান শিক্ষক

ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, ঢাকা।

মোঃ মনিরুল ইসলাম  
কেন্দ্রীয় ভর্তি কমিটির প্রধান

ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, ঢাকা।